

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
www.doict.nachol.chapainawabganj.gov.bd

উপজেলা আইসিটি কমিটির নভেম্বর/২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোছাঃ সুলতানা রাজিয়া, উপজেলা নির্বাহী অফিসার(ভাঃ), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
তারিখ ও সময়ঃ ২৭.১১.২০২৫ খ্রিঃ, ১২:৩০ টা।
স্থানঃ উপজেলা কনফারেন্স রুম।
উপস্থিতিঃ উপস্থিত সদস্যদের তালিকা “ক” তে দেখানো হলো।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর অক্টোবর/২৫ মাসের কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং প্রাপ্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়াও বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণে সবাইকে একসাথে এগিয়ে আসার আহ্বান জানানো হয়। সভায় বিবিধ আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	ওয়েব পোর্টাল ও ডি-নথি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২৮/০৭/২০২৫ খ্রিঃ তারিখের ৯৯ নং পত্র অনুযায়ী উপজেলা পর্যায়ের ডি-নথি ব্যবহারকারী কর্মকর্তা-কর্মচারীদের এসাইন ও রিলিজের দায়িত্ব দেয়া হয়েছে।	সকল দপ্তর প্রধানদের তার অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের ডি-নথিতে এসাইন ও রিলিজের জন্য অত্র কার্যালয়ে যোগাযোগ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। সকল দপ্তর প্রধান ৩। সহকারী প্রোগ্রামার
০২	উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন	সভায় জানানো হয় উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন এর ৫ম তলায় উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজের ধীরগতি লক্ষ্য করা যাচ্ছে।	উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	১। উপজেলা প্রকৌশলী ২। সহকারী প্রোগ্রামার।
০৩	শিক্ষা প্রতিষ্ঠানে তথ্যপ্রযুক্তি ল্যাব ও স্কুল অফ ফিউচার বিষয়ক	সভায় জানানো হয় নাচোলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১০ টি তথ্যপ্রযুক্তি ল্যাব ও ০১টি স্কুল অফ ফিউচার সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকল ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রধানদের নীতিমালা মেনে চলার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও নাচোল পাইলট উচ্চ বিদ্যালয়ের ১৫ জন শিক্ষকদের ০২ দিন ব্যাপী LMS software বিষয়ক প্রশিক্ষণ আগামী মাসে শুরু হবে।	স্কুল অফ ফিউচার এর রোবটিক্স কর্ণারের জন্য বিভিন্ন ডিভাইস যথাযথভাবে ব্যবহার ও রক্ষণাবেক্ষন করতে হবে।	১। ল্যাব প্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ৩। সহকারী প্রোগ্রামার

৫

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪	প্রশিক্ষণ	সভায় সহকারী প্রোগ্রামার জানান, ২০২৫-২৬ অর্থবছরে প্রশিক্ষণের জন্য ৩৯,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ডিসেম্বর মাসের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।	অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণটি আয়োজন করতে হবে।	১। সহকারী প্রোগ্রামার।
০৫	ইডিসি প্রকল্পঃ End User Connectivity	সভায় সহকারী প্রোগ্রামার জানান, আইসিটি অধিদপ্তরের ১৬/৯/২০২৫ খ্রিঃ তারিখের ৮৯৮ নং স্মারক মোতাবেক ইন্টারনেট সরবরাহকারী, গ্রহণকারী প্রতিষ্ঠান ও সহকারী প্রোগ্রামারের সাথে ত্রিপক্ষীয় চুক্তি সম্পন্ন করতে হবে। প্রকল্প অফিস হতে জানানো হয় চুক্তি স্বাক্ষরের জন্য উপজেলায় ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করতে হবে।	আইসিটি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ত্রিপক্ষীয় চুক্তি সম্পন্ন করতে হবে।	১। সহকারী প্রোগ্রামার ২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান(সকল)।

অতঃপর কোন আলোচনা না থাকায় সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোছাঃ সুলতানা হাজিয়া)
উপজেলা নির্বাহী অফিসার(ভাঃ)

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি

নাচোল, চাঁপাইনবাবগঞ্জ

ফোন : ০২৫৮৮৮৯৫৯০১

Email: unonachole@mopa.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৭০৫৬.০০০.০৬.০০১.২৩.৫৭৮/১(১১)

তারিখঃ ২৭.১১.২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। প্রশাসক, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। অধ্যক্ষ, নাচোল সরকারি কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৫। উপজেলা কৃষি/স্বাস্থ্য ও প.প./সমাজসেবা/শিক্ষা/উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য)/পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
- ৭। অধ্যক্ষ, নাচোল মহিলা ডিগ্রি কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৮। অফিসার ইন চার্জ, নাচোল থানা, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
- ৯। প্রধান শিক্ষক, নাচোল খ.ম. সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়/নাচোল পাইলট উচ্চ বিদ্যালয়।
- ১০। সভাপতি/সম্পাদক, নাচোল প্রেস ক্লাব।
- ১১। অফিস কপি।

(মোঃ সোহেল রানা)
সহকারী প্রোগ্রামার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।